দৈনিক বাংলা

তারিখ 17 SEP 1990
পৃষ্ঠা ২ কলাম ৬

# ফেব্রুয়ারীতে এসএসসি পরীক্ষার সম্ভাবনা

।। বিশেষ সংবাদদাতা ।।

১৯৯১ সালের এসএসসি পরীক্ষা রমজানের আগেই অনুষ্ঠানের চিন্তাভাবনা চলছে। এ ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হলে এ পরীক্ষার তারিখ ফেব্রুয়ারী মাসে

(৪-এর পৃঃ দ্রঃ)

## ফেব্রুয়ারীতে

(প্রথম পৃঃ পর)

নির্ধারিত হতে পারে বলে সংশ্লিষ্ট সূত্রে জানাগেছে।

উল্লেখ্য যে, আগামী বছর মার্চ মাসের মাঝামাঝি থেকে রোজা শুরু হবে। এর পর পরই অনুষ্ঠিত হবার কথা প্রেসিডেন্ট নির্বাচন। ফলে স্বাভাবিকভাবেই এ সময় এসএসসি পরীক্ষা গ্রহণ ব্যাহত হবার আশংকা রয়েছে। আবার এই সময়ের পর পরীক্ষার তারিখ ধার্য করা হলে তা যথেষ্ট দেরী হয়ে যাবে বলে মনে করা হচ্ছে। এই পরিস্থিতিতে এসএসসি পরীক্ষা ফেব্রুয়ারীতে এগিয়ে আনার সম্ভাবনাই বেশী বলে সূত্র জানান।

এদিকে পরীক্ষা যদি ফেব্রুয়ারীতে এগিয়ে আসে তবে অনতিবিলম্বে তার তারিখ ঘোষণা করা উচিত বলে অভিভাবকরা মনে করছেন। ছাত্রদের প্রস্তুতির জন্যে এই তারিখ ঘোষণা অত্যন্ত জরুরী বলে তারা উল্লেখ করেছেন।